কোটচাঁদপুরে সাবেক ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দিন বিশ্বাসের মৃত্যু

না ফেরার দেশে চলে গেলেন কোটচাঁদপুরের দোড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাবেক চেয়ারম্যান কাবিল উদ্দিন বিশ্বাস(৭৫)। গতকাল মঙ্গলবার রাতে চিকিৎসাধীন অবস্থায় যশোর হাসপাতালে মারা যান তিনি। তাঁর মৃত্যুতে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনাা জানিয়েছেন সাবেক সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল।

পারিবারিক সুত্রে জানা যায়,কাবিল উদ্দিন বিশ্বাস(৭৫)। তিনি কোটচাঁদপুরের দয়ারামপুর গ্রামের মৃত মঈনুদ্দিন বিশ্বাসের ছেলে। কাবিল উদ্দিন দীর্ঘদিন কিটনী,ডায়াবেটিক রোগে রোগাক্রান্ত ছিলেন। গতকাল মঙ্গলবার (২৭ আগস্ট) তারিখে তিনি অসুস্থ্য বোধ করেন। এ সময় তাঁর স্বজনরা তাকে প্রথমে কোটচাঁদপুর হাঁসপাতালে নিয়ে যান।

জরুরি বিভাগের চিকিৎসক কাবিল উদ্দিন বিশ্বাসকে দেখে যশোর হাসপাতালে রেফার্ড করেন। স্বজনরা তাকে যশোর হাসপাতালে নিয়ে গিয়ে ভর্তি করান। এরপর চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার রাতে তিনি চলে যান না ফেরার দেশে। মৃত্যুর সময় তিনি স্ত্রী ৪ পুত্র ২ কন্যাসহ অসংখ্য গুনাগ্রাহী রেখে গেছেন।

আজ বুধবার দুপুর ১ টার সময় জানাযা শেষে পারিবারিক কবর স্থানে মরহুমের দাফন সম্পন্ন হবে বলে জানিয়েছেন স্বজনরা।
তিনি কোটচাঁদপুর দোড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ছিলেন। এ ছাড়া তিনি ওই ইউনিয়নের ২ বারের চেয়ারম্যান ও ছিলেন। তাঁর মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছেন পরিবার ও দলীয় নেতা- কর্মীদের মধ্যে।

এদিকে মৃত্যুর খবর পেয়ে ফেসবুকে এক আবেগ ঘন স্ট্যাটাস দিয়েছেন,ঝিনাইদহ – ৩ আসনের সাবেক সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। তিনি ওই স্ট্যাটাসে বলেছেন, কাবিল উদ্দিন বিশ্বাস ছিলেন,কোটচাঁদপুরের দোড়া ইউনিয়ন আওয়ামী লীগের সংগ্রামী সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান।

তাঁর মৃত্যুতে আমরা হারালাম তৃণমূল আওয়ামী লীগের এক বীর সৈনিককে। যিনি ছিলেন বঙ্গবন্ধুর আদর্শের সৈনিক। দলের এই ক্লান্তিকালে বড্ড প্রয়োজন ছিল আপনার মত দুঃসাহসিক নেতার। এ ছাড়া তিনি মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও তার শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছেন ওই স্ট্যাটাসে।

মেহেরপুরের ফতেপুরে মাইক্রোবাসের ধাক্কায় ভ্যানচালকের প্রাণহানি

মেহেরপুর সদর উপজেলার ফতেপুরে ইটভাটার কাছে মাইক্রোবাসের ধাক্কায় সানোয়ার হোসেন (৫০) নামের এক ভ্যান চালকের মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার রাত ৭টার দিকে মর্মান্তিক এ দুর্ঘটনা ঘটে। নিহত সানোয়ার হোসেন মেহেরপুর শহরের শিশুবাগান পাড়ার মৃত আইনুদ্দীনের ছেলে।

স্থানীয়রা জানান, ভ্যানচালক সানোয়ার হোসেন মেহেরপুর থেকে শোলমারীর দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে ফতেপুর ইয়াসিন আলীর ভাটার কাছে পৌছালে অপরদিক থেকে আসা একটি মাইক্রোবাসের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ভ্যানচালক সানোয়ার গুরুতর আহত হয়। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করলে কর্তব্যরত চিকিৎসক ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। এর কিছুক্ষণের মধ্যে হাসপাতালেই তিনি মারা যান।

ঝিনাইদহ কারাগারে এক হাজতির মৃত্যু

ঝিনাইদহ জেলা কারাগারে বিল্লাল হোসেন (৪০) নামের এক হাজতির মৃত্যু হয়েছে। আজ সোমবার (২৬আগস্ট) সকালে ঝিনাইদহ সদর হাসপাতালে তার মৃত্যু হয়। বিল্লাাল হোসেন ঝিনাইদহ সদর উপজেলার উত্তর নারায়নপুর গ্রামের মৃত বদর উদ্দিনের ছেলে।

কারাগার সূত্রে জানা যায়, গত ৭ মে তিনটি মাদক মামলায় আদালতের মাধ্যমে কারাগারে আসে বিল্লাল হোসেন। তার মামলা আদালতে বিচারাধীন রয়েছে। রবিবার দিবাগত রাতে তার বুকে ব্যথা অনুভব করে। পরে জেল কর্তৃপক্ষ তাকে দ্রুত ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে। পরে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সকাল৫টার তার মৃত্যু হয়। হাসপাতাল সূত্রে জানা যায়, বিল্লাল হোসেন হার্টএ্যাটাকে মারা গেছে।

ঝিনাইদহ জেলা কারাগারের জেলার মোঃ মহিউদ্দিন এ তথ্য নিশ্চিত করে জানান, নিহতের মরাদেহ ময়নাতদন্ত শেষে তার ছেলে ও আত্মীয়-স্বজনের নিকট হস্থান্তর করা হয়েছে।

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্টে কৃষকের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে বিদ্যুতায়িত হয়ে সিরাজুল ইসলাম বাঘ (৭০) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। আজ শনিবার দুপুর সাড়ে ১২টার দিকে এ ঘটনা ঘটে।

নিহত সিরাজুল ইসলাম গাংনী উপজেলার কাজিপুর বর্ডার পাড়া গ্রামের নঈমুদ্দিন বাঘের ছেলে।

স্থানিয় ইউপি সদস্য আজিজুল ইসলাম জানান, আজ বেলা সাড়ে ১২টার দিকে সিরাজুল ইসলাম মাঠ থেকে গরু-ছাগলের জন্য ঘাসপাতা কেটে নিয়ে বাড়ির

উঠানে রাখার সময় মোটরের বৈদ্যুতিক তার ছিড়ে শরীরে স্পর্শ করলে গুরুতর আহত হন। দ্রুত তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে সেখানে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তদন্ত মনোজ কুমার নন্দী জানান, সংবাদ পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। প্রাথমিক তদন্ত শেষে মরদেহ পরিবারের সদস্যদের কাছে দেওয়া হবে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় আহত যুবকের মৃত্যু

অবশেষে মৃত্যুর কাছে হেরে গেলো তাওহিদুল আমিন শশী (২৫)। সড়ক দুর্ঘটনার পর আজ বৃহস্পতিবার (২২ আগষ্ট) ভোরের দিকে চিকিৎসাধীন অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান তিনি।

নিহত শশী মেহেরপুর শহরের ঘোষপাড়া এলাকার মোঃ সেলিমের ছেলে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কনি মিয়া পারিবারিক সূত্রের বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করেছেন।

গত ১৮ আগস্ট দিবাগত রাত ৮ মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসের সামনে মোটরসাইকেল দুর্ঘটনায় শশী মারাত্মক আহত হয়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে যায়। ওই সময় তার অবস্থার অবনতি ঘটলে কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। সেখানেই চিকিৎসাধিন অবস্থায় তার মৃত্যু হয়।

আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্টে কৃষকের মৃত্যু

আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়নের বলরামপুর গ্রামে বিদ্যুতের ঝুলন্ত তারের সংস্পর্শে এক কৃষকের মৃত্যুর ঘটনায় তোলপাড় সৃষ্টি হয়েছে।

আজ শুক্রবার সকাল ৮ টার দিকে নিজ জমিতে মাটি কাটতে গিয়ে এ দুর্ঘটনায় বজলুল হক (৪৬) নামের ওই কৃষকের মর্মান্তিক মৃত্যু হয়।

বিদ্যুৎস্পৃষ্টে নিহতের ঘটনাটি সত্যতা নিশ্চিত করেছে কালিদাসপুর ইউনিয়নের পাইকপাড়া ফাঁড়িপুলিশের ইনচার্জ (এসআই) জামাল হোসেন।

স্থানীয়রা জানায়, কৃষক বজলুল হক বাড়ির পাশের ফইজু খালি মাঠের জমিতে চাষের জন্য মাটি কাটতে যায়। মাটি কাটার সময় ওই জমির উপর দিয়ে যাওয়া সেচের কাজের ব্যবহৃত বৈদ্যুতিক মোটরের তার বজলুল হকের মাথায় স্পর্শ হয়। এসময় তিনি ওই তার হাত দিয়ে সরিয়ে দেবার চেষ্টা করে। এতে বিদ্যুৎস্পর্শে ঘটনাস্থলেই মারা যান বজলুল হক।

এ ঘটনায় আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) শেখ গণি মিয়া জানান, সকালে এক কৃষক বিদ্যুৎ স্পৃষ্টে মারা গেছে। খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

গাংনীতে পুকুরে গোসল করতে গিয়ে প্রাণ গেল কিশোরের

গাংনীতে পুকুরে গোসল করতে গিয়ে আসমাউল (১৪) নামের এক কিশোর মারা গেছে।

আজ মঙ্গলবার (৩০ জুলাই) বিকাল সাড়ে তিনটার সময় বাঁশবাড়িয়া গ্রামের আবু বক্করের পুকুরের পানিতে ডুবে মারা যান তিনি। নিহত আসমাউল গাংনী পৌরসভার ২ নং ওয়ার্ডের শিশিরপাড়া গ্রামের আনারুল

ইসলামের ছেলে।

স্থানীয় পৌর কাউন্সিলর মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করে বলেন, আসমাউল পেশায় ইঞ্জিনচালিত ট্রলি চালক। আজ কাজ না থাকায় বন্ধুদের সাথে ওই পুকুরে গোসল করতে যায়। সাতার না জানায়, পুকুরের পানিতে তলিয়ে যায় সে। খোঁজাখুঁজির এক পর্যায় আসমাউলের মরদেহ পানিতে ভেসে উঠে।

খবর পেয়ে ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স ও গাংনী থানা পুলিশের টিম ঘটনাস্থলে পৌছে মরদেহ উদ্ধার করে।

গাংনী থানার ভার কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম বলেন, নিহতের মরদেহ পরিবারকে হস্তান্তর করা হয়েছে।

হরিণাকুণ্ডুতে পানিতে ডুবে মাদ্রাসা ছাত্রের মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পুকুরের পানিতে ডুবে সিয়াম (১৩) নামে এক মাদ্রাসা ছাত্র মৃত্যু হয়েছে। মৃত সিয়াম উপজেলার শিতলী গ্রামের রোকেয়া খাতুন কোওমী মাদ্রাসার হেফজ বিভাগের ছাত্র এবং কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকার পারখাদ্দি গ্রামের শামীম হোসেনের পুত্র। ইতিমধ্যে তার ১৭’পারা কোরআন শরীফ সমাপ্ত হয়েছে।

সহপাঠী এবং স্থানীয়রা জানান, গতকাল শুক্রবার দুপুরে প্রতিদিনের ন্যায় মাদ্রাসার পিছনের পুকুরে সিয়ামসহ অনেক ছাত্র গোসল যায়। সবাই উঠে আসলেও সিয়ামের খোজ কেউ করেনি পরে রাতের বেলায় প্রতিষ্ঠানের হুজুর হাজিরা নিয়ে দেখে সিয়াম নাই। তখন অনেক খোজা খুজির পরেও তাকে ওই দিন পাওয়া যায়নি। আজ শনিবার (২৭ জুলাই) সকালে পুকুরে সিয়ামের লাশ ভেসে উঠেতে দেখে সবাই নিশ্চিত হয় যে, সে গোসল করতে গিয়ে পানিতে ডুবে মারা গিয়েছে। পরে পুলিশ এবং তার পরিবারকে খবর দেওয়া হয়। পুলিশ লাশটি উদ্ধার করে এবং দেখে তার গায়ে কোন আঘাতের চিহ্ন নাই, পানিতে ডুবেই শিশুটি মৃত্যু বরণ করেছে বলে ধারণা করছেন। পরিবারের আপত্তির কারণে তার লাশটি

পোস্টমোর্টেম করা হচ্ছেনা বলে জানান পুলিশ।

হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: জিয়াউর রহমান, শিতলী গ্রামের রোকেয়া খাতুন কোওমী মাদ্রাসার ছাত্র সিয়াম (১৩) পানিতে ডুবে মৃত্যু বরণের খবরটি নিশ্চিত করেন।

কোটচাঁদপুরে সাপের কামড়ে কৃষকের মৃত্যু

কোটচাঁপুরে সাপের কামড়ে আব্দুর রাজ্জাক (৫০) নামের এক কৃষের মৃত্যু হয়েছে।
গতকাল মঙ্গলবার ১২ টার সময় স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা শুরুর আগেই মারা যান তিনি। সে তালিনা গ্রামের মৃত আব্দুস সামাদ বিশ্বাসের ছেলে।
এলাঙ্গী ইউনিয়নের ইউপি সদস্য কামাল হোসেন বলেন,তখন বেলা ১১ টা বাজে। আব্দুর রাজ্জাক তালিনা গ্রামের মাঠে পেয়ারা গাছে ঔষধ স্প্রে করছিলেন। এ সময় সে সাপের কামড়ের শিকার হন। খবর পেয়ে তাঁর স্বজনরা আব্দুর রাজ্জাক উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক রাফসান রহমান প্রাথমিক চিকিৎসা দিয়ে ভর্তি করান।
এরপর স্বজনরা তাকে নিয়ে স্বাস্থ্য কমপ্লেক্সের উপরের ওয়াডে নিয়ে যান। এর কিছুক্ষনের মধ্যে সে মারা যান। আব্দুর রাজ্জাক কে জাত সাপে কামড় দিয়েছেন বলে জানিয়েছেন ওই ইউপি সদস্য। আব্দুর রাজ্জাক কোটচাঁদপুরের তালনা গ্রামের মৃত আব্দুস সামাদের ছেলে।
এ ব্যাপারে চিকিৎসক রাফসান রহমান বলেন,সাপে কাটা রোগীটির অবস্থা ভাল ছিল না। তাকে দেখে প্রাথমিক চিকিৎসা দিয়ে উপরে ওয়াডে পাঠানো হয়।এর কিছুক্ষন পরই তিনি মারা যান বলে জানিয়েছেন চিকিৎসক।
বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন,ওনার স্বজনা জানিয়েছেন সাপে কামড় দিয়েছেন আব্দুর রাজ্জাক কে। সে মোতাবেক দেখে চিকিৎসা দেয়া হয়। তবে ঔষধ প্রয়োগের আগেই তিনি মারা যান। তিনি বলেন, সাপের কামড়ে কোন রোগী এতটা খারাপ হয় না। তিনি সাপের কামড়ানোর পর ভয়ে স্ট্রোক করেছেন বলে ধারনা করা হচ্ছে।

নরসিংদীতে রেললাইনে কাটা পড়ে ৫জনের মৃত্যু

নরসিংদীর রায়পুরায় রেললাইনের পাশে ৫টি ছিন্নবিচ্ছিন্ন দেহ পড়ে থাকতে দেখা যায়। ধারণা করা হচ্ছে ট্রেনে কাটা পড়েই তাদের মৃত্যু হয়েছে। তবে তাৎক্ষণিকভাবে নিহতদের নাম-পরিচয় নিশ্চিত হওয়া যায়নি। আজ সোমবার ভোরে উপজেলার পলাশতলী ইউনিয়নের কমলপুর নামক স্থানে এসব ছিন্নবিচ্ছিন্ন মরদেহ পড়ে থাকতে দেখা যায়।
মেথিকান্দা স্টেশনের স্টেশন মাস্টার আশরাত আলী ৫ ব্যক্তির মৃত্যুর তথ্য নিশ্চিত করেছেন।
স্থানীয়রা জানায়, সকাল সাড়ে ৮টার দিকে রেল লাইনের পাশে পাঁচটি মরদেহ ছিন্নবিচ্ছিন্ন অবস্থায় পরে থাকতে দেখা যায়। পরে পুলিশে খবর দিলে তারা এসে সকাল সাড়ে ৯টার দিকে মরদেহগুলো উদ্ধার করে। তবে ট্রেন থেকে পড়ে গিয়ে নাকি রেল লাইনে বসে থাকা অবস্থায় কাটা পড়েছে এ বিষয়ে নিশ্চিত হতে পারেনি পুলিশ।
ঘটনাস্থলে গিয়ে দেখা যায়, মেথিকান্দা স্টেশন থেকে আড়াই কিলোমিটার দূরে ঘটনাস্থল কমলপুর। ঘটনাস্থলে কোনো সংযোগ সড়ক নেই। এখানে রাস্তা পারাপার হওয়ার সময় কেউ কাটা পরার কথা না। এটি ট্রেনে কাটা না হত্যা তা নিয়ে স্থানীয়দের মাঝে সন্দেহ দেখা দিয়েছে।
জামাল নামে স্থানীয় একজন বলেন, নিহতরা কেউ এলাকার নয়। এই স্থানে কাটা পড়ে মৃত্যু হওয়ার কথা না। এটা হত্যা নাকি দুর্ঘটনা আইনশৃঙ্খলা বাহিনী তদন্ত করে বলতে পারবে।
নরসিংদীর অতিরিক্ত পুলিশ সুপার (রায়পুরা সার্কেল) আফসান আলম বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে এসে বলেন, নিহতদের পরিচয় শনাক্তে কাজ করছে পিবিআই ও সিআইডি। তারা ঘটনার কারণ উদ্ধারে কাজ শুরু করছে। ঘটনাটি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে।